# ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

গাজীপুর-১৭০৭

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩-২২০৬ তারিখ: ১১ /০৮/২০২৬ খ্রিঃ।

## ভর্তির তারিখ ও ফি প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের বিএসসি ইঞ্জিনিয়ারিং ও ব্যাচেলর অব আর্কিটেকচার প্রোগ্রামে ভর্তি পরীক্ষা ২০২৬ (শিক্ষাবর্ষ: ২০২৫-২০২৬) ভর্তি পরীক্ষার ফলাফলের ভিত্তিতে একাডেমিক কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে সাময়িকভাবে (Provisionally) নির্বাচিত প্রার্থীদের সনদপত্র যাচাই, ডাক্তারী পরীক্ষা ও ভর্তির তারিখ নিম্নরূপ :-

| বিভাগ | তারিখ ও বার | সময় | কক্ষ নং |
|---|---|---|---|
| মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং | ২৩/০৮/২০২৬ (রবিবার) | সকাল ০৮:৩০ ঘটিকা | SASAB R-1110 Seminar Room-2 (10th Floor) |
| আর্কিটেকচার | ২৪/০৮/২০২৬ (সোমবার) | | SSNIAB 4004 |
| কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং | | | SSNIAB 6007 |
| সিভিল ইঞ্জিনিয়ারিং | ২৫/০৮/২০২৬ (মঙ্গলবার) | | SASAB R-1110 Seminar Room-2 (10th Floor) |
| ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৩০/০৮/২০২৬ (রবিবার) | | |
| কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৩১/০৮/২০২৬ (সোমবার) | | |
| টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | ০২/০৯/২০২৬ (বুধবার) | | |
| ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং | ০৩/০৯/২০২৬ (বৃহস্পতিবার) | | SSNIAB 3005 |
| ম্যাটেরিয়ালস এন্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং | | | TWB 601 |
| ফুড ইঞ্জিনিয়ারিং | | | SASAB R-1110 Seminar Room-2 (10th Floor) |

**সনদপত্রের সত্যতা ও ডাক্তারী পরীক্ষার ফলাফল সন্তোষজনক হওয়ার শর্তে সংশ্লিষ্ট প্রার্থীদিগকে নিম্নলিখিত কার্যাদি সম্পন্ন করিতে হইবে ঃ**

ক) শিক্ষার্থীদের বিভাগ অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ে নির্দিষ্ট কক্ষে উপস্থিত থাকিতে হইবে;

খ) উপস্থিত শিক্ষকবৃন্দের নির্দেশণা অনুযায়ী শিক্ষার্থীদের ডাক্তারী পরীক্ষার জন্য মেডিকেল সেন্টারে যাইতে হইবে।

গ) শিক্ষার্থীদেরকে প্রবেশপত্রের মূল কপি, ৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (যা আবেদনের সময় অনলাইনে আপলোড করা হয়েছিল। উল্লেখ্য যে, অনলাইনে আপলোডকৃত অনুরূপ ছবি দ্বারাই প্রার্থীর সকল আইডি কার্ড প্রস্তুত করা হইবে) এবং শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র ও নম্বরপত্র এবং সকল কাজগপত্রের ০১ সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনিতে হইবে;

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত সার্টিফিকেটের ফাটোকপি জমা দিতে হইবে;

ঙ) উপজাতি কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের উপজাতি সংক্রান্ত নির্ধারিত মূল সনদপত্র জমা দিতে হইবে;

চ) নম্বরপত্র ও সনদপত্র যাচাই এবং ডাক্তারী পরীক্ষা শেষে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর গ্রহণ পূর্বক অগ্রণী ব্যাংক পিএলসি, ডুয়েট শাখায় নির্ধারিত ফি জমা প্রদান করিয়া পুনরায় উপরোল্লিখিত ছকে বর্ণিত কক্ষে উপস্থিত হইয়া ভর্তি কার্যক্রম সমাপ্ত করিতে হইবে;

ছ) প্রত্যেক শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক একাউন্ট নাম্বার, ব্যাংক শাখার নাম ও রাউটিং নাম্বার সহ প্রয়োজনীয় তথ্য সম্বলিত চেকবই (শুধু Top-page) এর ফটোকপি জমা দিতে হইবে।

জ) প্রত্যেক শিক্ষার্থীর স্বাস্থ্য পরীক্ষার জন্য নির্ধারিত টেস্ট (HbsAg, Blood Group) বাবদ নির্দিষ্ট ফি ডুয়েট মেডিকেল সেন্টারে জমা দিয়ে স্বাস্থ্য পরীক্ষা করিতে হইবে। শিক্ষার্থীরা ইচ্ছা করিলে ডুয়েটের বাইরে নির্ভরযোগ্য প্যাথলজিকাল সেন্টারে নির্ধারিত টেস্টগুলো (HbsAg, Blood Group) করিয়া টেস্ট রিপোর্ট ডুয়েট মেডিকেল সেন্টারে জমা দিতে পারিবে।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের মধ্যে কোন প্রার্থী সন্তোষজনক কারণ ব্যাতিরেকে ভর্তি হইতে না পারিলে প্রার্থীর নির্বাচন বাতিল হইয়া যাইতে পারে এবং এইরূপ ক্ষেত্রে শূন্য আসনগুলি অপেক্ষমান তালিকা হইতে পূরণ করা যাইতে পারে।

বিশ্ববিদ্যালয়ে ভর্তির নিমিত্ত নিম্নরূপ বিবরণ অনুযায়ী ৯,৭৫০/- (নয় হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র) অগ্রণী ব্যাংক পিএলসি, ডুয়েট শাখা, গাজীপুর এর হিসাব নং- **STD-1** এ জমা দিতে হইবে।

| ক্রমিক নং | খাত সমূহ | ফি'র পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১। | ভর্তি ফি | ৩,২০০.০০ | এককালীন |
| ০২। | পরিচয়পত্র ফি | ১৫০.০০ | এককালীন |
| ০৩। | রেজিস্ট্রেশন ফি | ১,৭০০.০০ | এককালীন |
| ০৪। | মেডিকেল ফি | ৩০০.০০ | এককালীন |
| ০৫। | ইন্টারনেট ফি | ৫০০.০০ | এককালীন |
| ০৬। | লাইব্রেরী ফি | ১৫০.০০ | এককালীন |
| ০৭। | নম্বরপত্র/সনদপত্র ভেরিফিকেশন ফি | ২৫০.০০ | এককালীন |
| ০৮। | ট্রান্সপোর্ট ফি | ২০০০.০০ | এককালীন |
| ০৯। | বিশ্ববিদ্যালয় জামানত (ফেরতযোগ্য) | ১,৫০০.০০ | এককালীন |
| | **সর্বমোট =** | ৯,৭৫০.০০ | |
| **কথায় ঃ নয় হাজার সাতশত পঞ্চাশ টাকা মাত্র** | | | |

**যে সমস্ত নম্বরপত্র ও সনদপত্রাদির মূল কপি এবং এক সেট সত্যায়িত ফটোকপি সংগে আনিতে হইবে ও জমা দিতে হইবেঃ**

১। এস এস সি পরীক্ষার মূল সনদপত্র;
২। এস এস সি পরীক্ষার মূল নম্বরপত্র;
৩। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র
৪। ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং পরীক্ষার মূল নম্বরপত্র/গ্রেডসীটসমূহ।
৫। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের দেওয়া চরিত্রগত সনদপত্র।
৬। আবেদনকারীর নাম সম্বলিত সত্যায়িত ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি যা আবেদনের সময় অনলাইনে আপলোড করা হইয়াছিল। উল্লেখ্য যে, অনলাইনে আপলোডকৃত অনুরূপ ছবি দ্বারাই প্রার্থীর সকল আইডি কার্ড প্রস্তুত করা হইবে;
৭। চাকুরিরত প্রার্থীদের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে ডেপুটেশন/ছুটির আদেশ/NOC;
৮। উপজাতীয় সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে);
৯। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

স্বাক্ষরিত/-
সভাপতি
ভর্তি পরীক্ষা কমিটি ২০২৬(সেশন: ২০২৫-২০২৬)
ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর

চলমান পাতা-০২

স্মারক নং-৩৭.০১.৩৩০৪.১৫৩.১৮.০৮৩.২০২৩- ২২০৩ তারিখ: ১১ /০৮/২০২৬ খ্রিঃ।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হইল ঃ-**

০১। পিএস টু ভিসি (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। এপিএস টু প্রো-ভিসি (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সকল- ডিন/বিভাগীয় প্রধান/পরিচালক/প্রভোস্ট/অফিস প্রধান/শাখা প্রধান।
০৪। কো-অর্ডিনেটর, ভর্তি পরীক্ষা কমিটি ২০২৬ (সেশন: ২০২৫-২০২৬)।
০৫। পরীক্ষা নিয়ন্ত্রক।
০৬। পরিচালক, কম্পিউটার সেন্টার (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল)।
০৭। চেয়ারম্যান, আইসিটি সেল।
০৮। অফিস প্রধান, মেডিকেল সেন্টার।
০৯। কম্পট্রোলার, কম্পট্রোলার অফিস।
১০। অফিস প্রধান, অডিট সেল।
১১। সিকিউরিটি অফিসার, নিরাপত্তা শাখা।
১২। সকল নোটিশ বোর্ড।
১৩। সংরক্ষণ নথি/গার্ড ফাইল।

11/08/2026

(অধ্যাপক ড. মোঃ মোস্তাকুর রহমান)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৪৯২৭৪০০৩ (অফিস)